মুদ্রিত সংবাদ

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 24 JUL 1989
পৃষ্ঠা 5 কলাম 7

ঢাকা : সোমবার, ৯ই শ্রাবণ, ১৩৯৬

# কুমিল্লা ভিক্টোরিয়া কলেজে ১৭ জন শিক্ষকের পদ শূন্য

কুমিল্লা, ২২শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।-ঐতিহ্যবাহী কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজ নানান সমস্যায় জর্জরিত। সমস্যা সমাধানে একাধিকবার সরকারী আশ্বাস মিলেছে কিন্তু বাস্তবে কিছুই হয়নি।

কলেজটিতে দীর্ঘদিন যাবৎ ১৭জন শিক্ষকের পদ শূন্য রয়েছে। ৭টি অধ্যাপক পদের একজনও নেই এ কলেজে। সহযোগী অধ্যাপক প্রয়োজন ১৬ জন অথচ আছেন ১২জন। শিক্ষক স্বল্পতার কারণে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।

কলেজের উচ্চ মাধ্যমিক শাখার ভবনগুলো একেবারে জরাজীর্ণ। ভবনগুলোর অবস্থা এমন পর্যায়ে পৌঁছেছে যে, এখন আর সংস্কারও করা সম্ভব নয়। কলেজটিতে নেই কোন সীমানা প্রাচীর। পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা একেবারে অচল। কলেজের সবকটি টয়লেটই ব্যবহারের অনুপযোগী। তাই পিপাসা মেটাতে ও প্রাকৃতিক প্রয়োজনে ছাত্র-ছাত্রীদেরকে বিপাকে পড়তে হয়।

কলেজে মেয়েদের জন্যে একটি ছাত্রীনিবাস নির্মাণ করা হলেও বিদ্যুৎ, পানি ও গ্যাস সংযোগের অভাবে তা চালু করা সম্ভব হচ্ছে না।